

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ তৃতীয় পরিচ্ছেদ - মহান আল্লাহ তাঁর অনুগত বান্দাদের জন্য এমন কিছু প্রস্তুত করে রেখেছেন যা কোন মানব ইন্দ্রীয় বর্ণনা দিতে পারবে না

فَصِلٌ _ ذِكْرُ الْإِخْبَارِ عَنْ إعْدَادِ اللَّهِ جَلَّ وَعَلَا لِعِبَادِهِ الْمُطِيعِينَ مَا لَا يَصِفُهُ حِسٌّ من حواسهم

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ يَبْلُغُ بِهِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ يَبْلُغُ بِهِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: الْأَعْدِتُ لِعِبَادِي الصَّالِحِينَ مَا لَا عَيْنُ رَأَتْ وَلَا أُذن سَمِعَتْ وَلَا خَطَرَ عَلَى قَلْبِ بَشَرٍ وَمَصْدَاقُ ذَلِكَ فِي كِتَابِ اللَّهِ: {فَلَا تَعْلَمُ نَفْسٌ مَا أُخفي لَهُمْ مِنْ قُرة أَعْيُنٍ جَزَاءً بِمَا كَانُوا يعملون} [السجدة: 17].

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 370 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৭০. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেছেন: "আমি আমার সৎ বান্দার জন্য এমন নি'আমত প্রস্তুত করে রেখেছি, যা কোন চোখ দেখেনি, কোন কান শ্রবণ করেনি এমনটি কোন মানব হৃদয় তা কল্পনাও করতে পারবে না। এর সত্যায়ন আল্লাহর কিতাবে রয়েছে। ইরশাদ হচ্ছে: "কোন আত্মা জানে না তাঁদের জন্য চক্ষুশীতলকারী কী গোপন রাখা হয়েছে, তাদের কৃতকর্মের বদলা স্বরূপ।" (সূরা আস সাজদা: ১৭।)[1]

ফুটনোট

[1] হুমাইদী: ১৩৩; সহীহ আল বুখারী: ৩২৪৪; সহীহ মুসলিম: ২৮২৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১৩/১০৯;



ইবনু মাজাহ: ৪৩২৮; মুসনাদ আহমাদ: ২/৪৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয: ১১৭৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন